



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারকনং- সাস্ট/ পিআর/০৩/

তারিখ: ২০ ডিসেম্বর, ২০১৭

### প্রেসবিজ্ঞপ্তি

আজ ২০ ডিসেম্বর, ২০১৭ বিকালে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ আন্তঃবিভাগ হ্যান্ডবল প্রতিযোগিতা-২০১৭ এর ফাইনালে ছেলেদের খেলায় ফুড ইঞ্জিনিয়ারিং (এফইটি) বিভাগ এবং মেয়েদের খেলায় নৃবিজ্ঞান বিভাগ চ্যাম্পিয়ান হয়। এফইটি বিভাগ ১০-৭ গোলে অর্থনীতি বিভাগকে এবং নৃবিজ্ঞান বিভাগ ৪-৩ গোলে ইইই বিভাগকে পরাজিত করে।

খেলা শেষে মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বিজয়ী ও বিজিতদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, খেলাধুলা ও ক্রীড়া উপ-কমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রক্টর সহযোগী অধ্যাপক জহীর উদ্দিন। এতে শুভেচ্ছা বক্তব্য রাখেন শারীরিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক চৌধুরী সউদ বিন আমিয়া।

এসময় বিভিন্ন বিভাগের প্রধান, শিক্ষক-কর্মকর্তা, ছাত্রছাত্রী ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার